

**শ্রেফতারি পরোয়ানা
জারির কারণে
রংপুর কারমাইকেল
বিশ্ববিদ্যালয় কলেজের
অধ্যক্ষ বরখাস্ত**

শ্রেণী বার্তা পরিবেশক রংপুর
কপিরাইট আইনে মানদণ্ডা দায়ের ও শ্রেফতারি জারি হওয়ায় রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ অধ্যাপক এনএম মোকসেম আলীকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ড. কামাল আবদুল নব্বের চৌধুরী স্বাক্ষরিত এক আদেশে দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দিয়ে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তবে এ আদেশ জারি হওয়ার পরেও তিনি গতকাল পর্যন্ত আদেশ অমান্য করে তার দায়িত্ব পালন করেছেন এবং দিনভর অধ্যক্ষ পূর্তি ২ ক : ৪

অধ্যক্ষ... বরখাস্ত

(১৬ পৃষ্ঠার পর)

অফিস করেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৫৪৫ তারিখ ২২.১০.১৩ তারিখে আদেশনামায় উল্লেখ করা হয়েছে, কারমাইকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক এনএম মোকসেম আলীর বিরুদ্ধে কপিরাইট আইনের ৮২৫ ৮৩ ধারায় মানদণ্ডা হয়েছে। আদালত তার বিরুদ্ধে শ্রেফতারি পরোয়ানা জারি করার পর গত ৩১ মার্চ ২০১৩ তারিখে আদালতে হাজির হয়ে অন্তর্বর্তীকালীন জামিন গ্রহণ করেছেন। সে কারণে তাকে বিএসআর (পার্ট-১) এর পিপি. ৯৩ এর নোট ২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেনোরেডাম নম্বর ইডি (রেজ৭) এস ১২৩/৭৮-১১৫(৫০০) তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত এবং জনস্বার্থে প্রয়োজন। সে কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মেনোরেডাম অনুযায়ী অধ্যাপক মোকসেম আলীকে আগামী ০১/১০/১৩ তারিখ থেকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। এ আদেশনামা জারি হওয়ার পরেও তিনি তার দায়িত্ব পালন করেছেন বলে অভিযোগ করেছেন সংশ্লিষ্টরা। তবে অধ্যক্ষ অধ্যাপক মোকসেম আলীর সঙ্গে এ ব্যাপারে বেশ কয়েকবার তার অফিসের ফোনে যোগাযোগ করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।